# বাংলা অর্থ বুঝে বুঝে

# HSC ইংলিশে A+

১ম পত্র

Recent Bazar

**Saifur Rahman Khan**

{ বাংলায় অর্থ বুঝিয়ে বুঝিয়ে **English** শেখানোর পদ্ধতির

উদ্ভাবক, লেখক ও শিক্ষক }

Managing Director,
S@ifur's.
Ex-lecturer,
IBA,
University of Dhaka.

B.Sc. Engg.(EEE, BUET);
MBA,
International University of Japan.
Monbusho Scholar.
**Top Scorer** (740 > 99%) in **GMAT**

**Edition** ◻ **Exam: 2026-2027**

**Published by** ◻ **S@ifur's Publication**

**Copyright ©** ➲ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোনো অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

প্রাপ্তিস্থান

S@ifur's Publication Pvt. Ltd.
১৮/২ জয়চন্দ্র ঘোষ লেন, প্যারিদাস রোড,
বাংলাবাজার ঢাকা।
01713 43 20 15 ; 01613 43 20 16

**ISBN:** 978-984-99273-0-3

**Compose & Design:**
মো. আল-মামুন ফেরদৌস, আব্দুল কুদ্দুস শেখ

**YouTube চ্যানেল**
www.youtube.com/@SaifursOfficial

**কুরিয়ারে সাইফুর'স এর যেকোনো বই পেতে**
01713 43 20 15;
01613 43 20 16
**(10 am to 5 pm)**

**English ও ক্যারিয়ার নিয়ে**
বইয়ের অর্ডার করতে visit করুন:
www.saifursbooks.com

Recent Bazar

**Price: Tk. 450/- *Fixed***

# Table of Contents


- Marks Distribution ---------------------------------------------------------- 02
- **HSC Sample প্রশ্ন ও বিস্তারিত সমাধান**
  - ৩৩ পৃষ্ঠা জুড়ে এই sample প্রশ্নের বাংলা অর্থ দিয়ে ভেঙে ভেঙে ব্যাখ্যা মন দিয়ে পড়ো -------------------------- **004 – 041**

| | | | |
|---|---|---|---|
| **Chapter # 01** | **ভেঙে ভেঙে গ্রাফ বর্ণনা ও বড় বড় ইংরেজি বাক্য লিখতে শেখা** | -------------- | **043 - 063** |
| | ***Graphs* ও *Charts*-এর বিস্তারিত সমাধান** | -------------- | **068 – 080** |
| **Chapter # 02** | ***Multiple Choice Questions (MCQ)*** | -------------- | **082 – 088** |
| **Chapter # 03** | **তথ্য *Transfer,* ফ্লোচ্ *chart*** | -------------- | **089 – 092** |
| **Chapter # 04** | ***Summary Writing*** | -------------- | **093 – 099** |
| **Chapter # 05** | **ভেঙে ভেঙে *Cloze test with clues* সমাধান** | -------------- | **100 – 129** |
| | *Cloze test with clues*-এর ***Practice*** | -------------- | **130** |
| **Chapter # 06** | **বাংলা অর্থ বুঝে *Cloze test without clues*** | -------------- | **136 – 163** |
| | *Cloze test without clues*-এর ***Practice*** | -------------- | **164** |
| **Chapter # 07** | **অর্থ বুঝে *Rearrange Solution*** | -------------- | **168 – 192** |
| | *Rearrange* ***Practice*** | -------------- | **193** |
| **Chapter # 08** | ***Paragraph Writing*** | -------------- | **196 – 205** |
| **Chapter # 09** | ***Story Writing*** | -------------- | **206 – 217** |
| **Chapter # 10** | ***Letter/Email*** | -------------- | **218 – 229** |
| **Chapter # 11** | ***Appreciating Poem*** | -------------- | **230 – 234** |


Recent Bazar

## Table of Contents


| | | | |
|---|---|---|---|
| Chapter # 12 | ***HSC* বোর্ড প্রশ্ন ও সমাধান** | -------------- | 235 – 488 |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ◈ | HSC (খ সেট) বোর্ড প্রশ্ন ও বিস্তারিত সমাধান | | : 2018 | -------------- | 235 |
| ◈ | Dhaka | বোর্ড প্রশ্ন ও বিস্তারিত সমাধান | : 2019 | -------------- | 253 |
| ◈ | চট্টগ্রাম | বোর্ড প্রশ্ন ও বিস্তারিত সমাধান | : 2019 | -------------- | 270 |
| ◈ | Sylhet | বোর্ড প্রশ্ন ও বিস্তারিত সমাধান | : 2019 | -------------- | 307 |
| ◈ | চট্টগ্রাম | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2022 | -------------- | 330 |
| ◈ | Barishal | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2022 | -------------- | 335 |
| ◈ | Cumilla | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2022 | -------------- | 340 |
| ◈ | Dhaka | বোর্ড প্রশ্ন ও বিস্তারিত সমাধান | : 2023 | -------------- | 346 |
| ◈ | Sylhet | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2023 | -------------- | 356 |
| ◈ | রাজশাহী | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2023 | -------------- | 365 |
| ◈ | Dhaka | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 375 |
| ◈ | চট্টগ্রাম | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 382 |
| ◈ | Rajshahi | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 388 |
| ◈ | যশোর | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 395 |
| ◈ | Barishal | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 402 |
| ◈ | Dinajpur | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 409 |
| ◈ | কুমিল্লা | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 416 |
| ◈ | ময়মনসিংহ | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2024 | -------------- | 422 |
| ◈ | Dhaka | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 428 |
| ◈ | চট্টগ্রাম | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 435 |
| ◈ | Rajshahi | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 442 |
| ◈ | যশোর | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 449 |
| ◈ | Barishal | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 456 |
| ◈ | Dinajpur | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 462 |
| ◈ | কুমিল্লা | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 469 |
| ◈ | Sylhet | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 476 |
| ◈ | ময়মনসিংহ | বোর্ড প্রশ্ন ও সমাধান | : 2025 | -------------- | 482 |


Recent Bazar

# এই বই পড়ার নিয়ম

এই বইয়ের ইংরেজি বাক্যগুলো

**মুখস্থ করবে না, বরং**

**তৃপ্তি মতো বাংলা অর্থ**

ও বাংলা ব্যাখ্যাগুলো পড়বে !

**প্রতিদিন কমপক্ষে ১ ঘণ্টা**

এই বই নিয়ে বসো !

**Facebook-এ ও**

**মোবাইলে ঘণ্টার পর ঘণ্টা**

**সময় ব্যয় করে**

**ইংরেজি**

**শেখা যায় না, না, না !**

Don't just *read* this book.
এই বইটা শুধু পড়ে গেলে হবে না।

Interact with it.
এই বইয়ের সাথে ক্রিয়া-প্রতিক্রিয়া করো,
বইটির সাথে কথা বলো,
বইটির সাথে ভাবের আদান-প্রদান করো।

Underline it.
গুরুত্বপূর্ণ শব্দ / লাইন / অর্থের নিচে দাগ দাও,
রঙিন মার্কার দিয়ে চিহ্নিত করো।

Write your own thoughts in the margins.
পৃষ্ঠার মার্জিনে তোমার নিজের চিন্তা,
উপলব্ধি লিখে ফেলো।

Make it *your* book.
এই বইটিকে একান্তই তোমার নিজের
বই বানিয়ে ফেলো,
পৃষ্ঠায় পৃষ্ঠায় ইচ্ছে মতো দাগাদাগি,
কাটাকাটি, লেখালেখি করো।

Personalize it !
বইটিকে একেবারেই ব্যক্তিগত
বই বানিয়ে ফেলো।

Recent Bazar

# Marks Distribution for
# (HSC English 1st Paper)

## National Curriculum and Textbook Board (NCTB)

*Marks Distribution for HSC English 1st Paper*

(According to the latest board exam)

Subject Code: 107

| | Total Marks | Test Item | Marks Distribution |
|---|---|---|---|
| **Part: 1** Reading | **60** | Multiple choice questions | 0.5 × 10 = 05 |
| | | Short answer questions | 3 × 15 = 15 |
| | | Information transfer/flow chart | 1 × 5 = 5 |
| | | Summary writing | 1 × 10 = 10 |
| | | Cloze test with clues (unseen) | 0.5 × 10 = 05 |
| | | Cloze test without clues (unseen) | 1 × 10 = 10 |
| | | Rear`ranging (unseen) | 10 |
| **Part 2:** Guided Writing | **40** | Interpreting graph/chart | 15 |
| | | Story Writing | 15 |
| | | Informal letter | 10 |
| | | | Total- **100** |

Recent Bazar

**নোট:** যে year-এ পরীক্ষা, সে year-এর
**NCTB** প্রণীত **Mark Distribution** দেখে
পরীক্ষার প্রস্তুতি নিতে হবে।

ভাবতে পারো,

**৩৩ পৃষ্ঠা জুড়ে**

**বোর্ডের ইংলিশ প্রশ্নের আলোকে**

বাংলা অর্থ দিয়ে

**ভেঙে ভেঙে ব্যাখ্যা করা হয়েছে**

পরের **page-এ** দেয়া **Sample** প্রশ্নটির।

প্রথমে এই ব্যাখ্যা পড়ে নিলে

**HSC English 1st Paper** নিয়ে

**তোমার স্বচ্ছ ধারণা হয়ে যাবে।**

Recent Bazar

02 Set

# Sample Question

Code: 107

**English First Paper (Compulsory)**

**Time – 3 hours** **Full marks – 100**

পাঁচ পৃষ্ঠা পর থেকে ব্যাখ্যাটা মন দিয়ে পড়ো

## Part 1–Reading; Marks – 60

(অ্যাডোওলেসিন্ট্ = ১৪-১৫ বছর বয়সী)

**1. Read the passage and answer the questions in A and B:**

When adolescent girls are pulled out of school, either for marriage or work, they often lose their mobility, their friends and social status. The lack of mobility among adolescent girls also curtails their economic and non-formal educational opportunities. Moreover, they lack information about health issues. According to a study, only about three in five adolescents have even heard of HIV. It is also reported that more than 50 percent of adolescent girls are undernourished and suffer from anaemia. Adolescent fertility rate increased from 20.3% in 1993 to 24.4% in 2007. Moreover, neonatal mortality is another concern for younger mothers.

( ভাল্নারেইবল্ = ক্ষতিযোগ্য )

While the situation for adolescent boys is somewhat better many are vulnerable and lack the power to make decisions about their own lives. Many boys who are unable to go to school, or are unemployed, remain unaware of social or health issues. They are at considerable risk of being drawn into criminal activities. They are likely to get exposed to drugs and alcohol causing irreparable damage to their health and life.

(লাইক্লি ≈ সম্ভাব্য)

Recent Bazar

**Marks**

**A. Choose the correct answer from the alternatives:** **0.5 × 10 = 5**

(a) The word 'mobility' means –
(i) ability (ii) creativity (iii) movement (iv) activity

(b) The phrase 'exposed to' may best be replaced by–
(i) to remove something (ii) make public
(iii) experience something harmful (iv) shocking news

(c) The closest meaning of 'study' is—
(i) skipping (ii) omitting (iii) reporting (iv) learning

(d) The word 'anaemia' (অ্যানিমিয়া) refers to—
(i) blood pressure (ii) blood sugar
(iii) shortage of blood (iv) blood contamination

(e) The 'neonatal' is closely related to–
(i) a newborn baby (ii) a mother (iii) an adolescent (iv) a disease

(f) According to the passage, adolescent girls lose their –
(i) social status (ii) friends (iii) mobility (iv) all of the above

(g) What happens to many boys who cannot go to school?
(i) They get good jobs
(ii) They remain unaware of social or health issues
(iii) They become healthy and strong (iv) They get international training

(h) What does the phrase *'irreparable damage'* mean?
(i) damage that cannot be repaired (ii) damage that can be fixed
(iii) temporary problem (iv) sudden accident

(i) Which of the following is NOT mentioned as a problem for adolescent boys?
(i) Criminal activities ii) Alcohol and drug abuse
(iii) Lack of health knowledge iv) Anaemia

(j) The passage mainly focuses on –
(i) adult education (ii) adolescent challenges and vulnerabilities
(iii) old age problems (iv) social development of adults

**B. Answer the following questions:** **3 × 5 = 15**

(a) Why are adolescent girls the worst sufferers?
(b) What happens to a girl when she loses mobility?
(c) Who do you think are more vulnerable to adolescent health problems– boys or girls? Why?
(d) What major problems do boys face during adolescence?
(e) Why should all of us say 'no' to drugs?

Recent Bazar

**2. Read the following text and make a flow-chart highlighting the different aspects of socio-cultural life as reflected in folk music. (No. 1 has been done for you) :** **1 × 5 = 5**

In Bangladesh folk music has great variety, with songs being composed on culture, festivals, views of life, natural beauty, rivers and rural and riverine life. These songs are also about social inequality and poverty, about the material world and the supernatural. Mystical songs have been composed using the metaphors of rivers and boats. Since the country is basically riverine, the Bhatiyali forms an important genre (জনেরা) of folk music. Folk music is formed and develops according to the environment. Differences in the natural environment are reflected in the people of different regions. The dialects too

vary across the different regions. Bangladeshi folk music therefore varies from region to region. Thus there are the northern Bhawaiya, the eastern Bhatiyali and the southwestern Baul songs.

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1. songs reflecting rural and riverine life → | 2. → | 3. → | 4. → | 5. → | 6. |

**03. Write a summary of the following text: [10]**

Education aims to bring about positive changes in our behaviour. It helps us try to change our lives as well as the society we live in. Education that does not illuminate our minds or does not inspire us to work for the community is not complete at all. Education is not all about getting grades or receiving certificates- we use education to make life better. We are expected to apply the knowledge, skills and values that we learn in a classroom in our engagement with the world that lies outside. And we can do so in many different ways. Let's have a look at how education works.

→ (এন্‌গেইজ্‌মেন্ট = সম্পৃক্ততা)

Learners' civic engagement is highly appreciated all over the world. Civic engagement means working to make a difference in the civic life (the public life of the citizens as contrasted (খন্ট্রাস্ট = বিপরীত হওয়া) with private or personal life) of the community using knowledge, skills, values and motivation. Civic engagement promotes the quality of life in a community by contributing to the improvement of health and wellbeing of the people.

Civically engaged individuals recognize themselves as members of a larger social community and are concerned about civic issues. They consider themselves responsible citizens who take action or raise their voices against injustice, discrimination and other forms of social ills.

In civic engagement, issues of public concern are crucial. Civic engagement includes individual or group activities to protect public interests and change the way the community values itself. For example, if you are protesting against any unjust decision of the local municipality such as raising taxes or an act that might work against people's interest, you are civically engaged and your action is considered a civic engagement. This protest can be done in different ways such as organizing rallies, collecting signatures, making human chains, writing petitions etc. You can also help control traffic in front of a school, help children to cross the roads, work in a team to clean a park or a sea beach. You can also give some service to elderly people. These are all examples of civic engagement as what you do directly affects the community.

Recent Bazar

**4. Read the following text and fill in the blanks with suitable word from the box. There are more words than needed. Make any grammatical change if necessary:– 0.5 × 10 = 5**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| warming | cut | rise | anticipation | habitats | increase | extinction |
| recklessly | severe | imperative | particularly | catastrophe | provide | alarming |

The destruction of forests and other (a) _____ is causing the (b) _____ of various plants and animals every day. In the last 25 years alone the world has lost one-third of its natural wealth. Forests are being (c) _____ down. Moreover, they are being burnt (d) _____ resulting in an (e) _____ in carbon dioxide and ultimately the water level is (f) _____ as a consequence of global (g) _____. It is (h) _____ that the new century will face an overwhelming environmental (i) _____. It is therefore (j) _____ to check the reckless pollution of the environment.

**5. Fill in the blanks with appropriate words in each gap:– 1 × 10 = 10**

In our country, women are the worst sufferers in every stage of life. Social prejudices and customs tend to (a) _____ their position. When a female child is born, it is not regarded (b) _____ a happy event. She is not welcomed with the deep (c) _____ of heart. Instead of being delighted, most of the members of the family think that she has come to add to their (d) _____. Even the mother of the female child is not welcomed cordially for giving (e) _____ to a female child. Rather the mother of the female child is (f) _____ for this. In most cases, the life of our women is not smooth (h) _____. If we want lasting development of the country, we have to (i) _____ the dignified status for the (j) _____ women of our country. The government is conscious of this matter.


**6. The following sentences are jumbled. Re-arrange them in proper sequence:– 10**

i. In 1880, Rabindranath was called back to India.
ii. He was awarded the Nobel Prize in 1913 for Gitanjali.
iii. He returned home without any qualification of distinction.
iv. He wrote Gitanjali, a collection of Bengali songs of superior quality.
v. Rabindranath Tagore was born in 1861 into a respectable family at Jorasako in Kolkata.
vi. At the age of seventeen, in 1878 he reached London to attend school.
vii. He went to school early and wrote his first verse at the age of eight.
viii. The experience had a lasting effect on his later life.
ix. However, he never gave up his habit of writing poetry.
x. He gathered much experience from his stay in London.

Recent Bazar

## Part 2 – Guided Writing; Marks – 40

**7. The graph below shows the literacy rate of Bangladesh from 1995 to 2010. Describe the graph in at least 80 words. You should highlight the information and report the main features given in the graph:– 15**




**8. Read the beginning of the following story and complete it in your own way. Give a title to the story:– 15**

One day a girl of class five was going to school. Suddenly she saw a money bag dropped by someone on the road. She was at a loss ............................

**9. Suppose, you are Rafa. Write a letter to your foreign friend narrating the scenic beauty of Bangladesh. 10**

Recent Bazar

পরের পৃষ্ঠা থেকে
ব্যাখ্যাটা পড়া মানে
সাইফুর স্যারের কাছে
প্রাইভেট পড়া।

অনলাইনে ১ বছর
HSC ইংলিশ ক্লাস করে
যতটুকু লাভ হবে,
তার চেয়ে অনেক বেশি
তোমার উপকার হবে
পরের ৩৩ পৃষ্ঠার ব্যাখ্যা
পড়লে।

পরীক্ষার সময় প্রথমে প্যাসেজ পড়লে মাথা হ্যাং হয়ে যাবে।

**ঢাকা বিশ্ববিদ্যালয় এর প্রাক্তন শিক্ষক**
**Saifur স্যারের ভেঙে ভেঙে সমাধান**

মন দিয়ে পড়ো

## Question # 1. (A)

প্রথমে আমরা passage না পড়ে সরাসরি প্রশ্নে গিয়ে (a)-এর প্রশ্নটি পড়ব।

### অর্থ বুঝে (a)-এর ব্যাখ্যা ও সমাধান

(a)-এর প্রশ্নে ***'mobility'*** শব্দটির অর্থ জানতে চাওয়া হলো। 'mobility' (মৌবিলিটি) শব্দটির অর্থ 'চলাচল করার ক্ষমতা'। এবার প্রশ্নে প্রদত্ত উত্তরগুলো মন দিয়ে পড়ে (iii)-নং এ ***'movement'*** শব্দটি পাওয়া গেলো যেটি 'mobility'-র সমার্থক শব্দ। ∴ উত্তর: **(iii) movement**।

### বাংলা অর্থ দিয়ে (b)-এর ব্যাখ্যা

গল্পের বই পড়ার মতো একটানা পড়ে যাও।

(b) The phrase 'exposed to' may best be replaced by-
(i) to remove something (ii) make public
(iii) experience something harmful (iv) shocking news

অর্থাৎ, ***'exposed to'*** (এক্স্পৌযড্ টু)-এর পরিবর্তে প্রশ্নে প্রদত্ত চারটি উত্তরের মধ্যে কোন্‌টিকে সবচেয়ে ভালোভাবে বসানো যেতে পারে তা বের করতে হবে।

***'exposed to'*** অর্থ ক্ষতিকর (*harmful*) কোনো কিছুর সম্মুখীন হওয়া
অর্থাৎ খারাপ কোনো অভিজ্ঞতার ভিতর দিয়ে যাওয়া।

মুখস্থ করার দরকার নেই।

**প্রশ্নে প্রদত্ত option-গুলো হলো:**

(i) to remove something (কোনো কিছু সরানো)
(ii) make public (জনগণের সামনে প্রকাশ করা)
(iii) experience something harmful (ক্ষতিকর কোনো কিছুর অভিজ্ঞতা হওয়া)
(iv) shocking news (মর্মান্তিক খবর)

তাহলে প্রশ্নে প্রদত্ত option-গুলোর মধ্যে (iii) নং-ই হবে সঠিক উত্তর: **(iii) *experience something harmful***।

### (c) + (d)-এর তৃপ্তিময় ব্যাখ্যা

(c)-নং প্রশ্নে ***'study'*** শব্দটির অর্থ কী তা জানতে চাওয়া হলো:

'study' শব্দটির অর্থ 'অধ্যয়ন করা বা পড়াশুনা করা'। প্রদত্ত উত্তরগুলো মন দিয়ে পড়ে (iv) নং-এ পাওয়া গেলো ***learning*** (লার্‌নিঙ্ = শেখা) শব্দটি যেটি ***'study'*** শব্দটির অর্থের সাথে সবচেয়ে কাছাকাছি অর্থ বহন করে। ∴ উত্তর: **(iv) *learning***।

(d) 'anaemia' (অ্যানীমিআ) শব্দটি দ্বারা কী বোঝায় প্রশ্নে তা জানতে চাওয়া হলো:
'anaemia' শব্দটির অর্থ 'রক্তস্বল্পতা' মানে, শরীরে রক্তের ঘাটতি বা স্বল্পতা।
অতএব, উত্তর হবে: **(iii) *shortage of blood***।

Recent Bazar

## (e)-এর ব্যাখ্যা

(e) The ‘neonatal’ is closely related to-
(i) a newborn baby (ii) a mother (iii) an adolescent (iv) a disease
↓
(ডিযীয্)



প্রশ্নে ‘***neonatal’*** (নেয়ো-নেইঠাল্) শব্দটি ‘কার’ সাথে সম্পর্কিত, তা জানতে চাওয়া হলো।
‘***neo’*** অর্থ ‘নতুন বা সাম্প্রতিক’, আর ‘***natal’*** (নেইটাল্) অর্থ ‘জন্মসংক্রান্ত’।
তাহলে ‘***neonatal’*** শব্দটি দ্বারা **‘সম্প্রতি জন্ম নিয়েছে এমন শিশুকে’** বোঝানো হয়।
সুতরাং প্রদত্ত উত্তরগুলোর মধ্যে সঠিক উত্তর হবে: **(i) *a newborn baby*** (একটি সদ্যোজাত শিশু।)

## (f)-এর ব্যাখ্যা ও সমাধান

(f) According to the passage, adolescent girls lose their –
(i) social status (ii) friends (iii) mobility (iv) all of the above

অর্থাৎ, *adolescent girls* বা কিশোরী মেয়েদের কোন কোন জিনিস হারাতে হয় তা জানতে চাওয়া হয়েছে।
**প্রশ্নে প্রদত্ত option-গুলো হলো:**

(i) social status (সামাজিক মর্যাদা বা অবস্থান)
(ii) friends (বন্ধু)
(iii) mobility (চলাফেরার স্বাধীনতা)
(iv) all of the above (উপরের সবগুলো)



এবার দেখি passage-এ কী বলা হয়েছে। passage’র ১ম বাক্যের শেষে দিকে বলা হয়েছে : *they often lose their mobility, their friends and social status* অর্থাৎ তারা ***mobility***, ***friends*** এবং ***social status*** সবই হারায়। তাহলে সঠিক উত্তর হবে: **(iv) all of the above**

## (g)-এর ব্যাখ্যা ও সমাধান



(g) What happens to many boys who cannot go to school?
(i) They get good jobs
(ii) They remain unaware of social or health issues
(iii) They become healthy and strong
(iv) They get international training

Recent Bazar

যারা স্কুলে যেতে পারে না তাদের কী হয় তা প্রশ্নে জানতে চাওয়া হয়েছে। Passage-এ বলা আছে: ***Many boys who are unable to go to school, or are unemployed, remain unaware of social or health issues.*** (অর্থাৎ অনেক ছেলে যারা স্কুলে যেতে পারে না, বা বেকার থাকে, তারা সামাজিক বা স্বাস্থ্য সম্পর্কিত বিষয়গুলো সম্পর্কে অজ্ঞ থাকে।)

তাহলে সঠিক উত্তর হবে:
(ii) ***They remain unaware of social or health issues***

**একটু খেয়াল করো, এই প্রশ্নটা এমন যে, passage না পড়েও কমনসেন্স দিয়েই এটার উত্তর দেয়া যায়। কেননা যারা স্কুলে যায় না, তাদের দ্বারা i, iii এবং iv কখনোই সম্ভব না।**

**(h)-এর ব্যাখ্যা ও সমাধান**

(h) What does the phrase ‘irreparable damage’ mean?
(i) damage that cannot be repaired
(ii) damage that can be fixed
(iii) temporary problem (iv) sudden accident

(h)-এর প্রশ্নে ***‘irreparable damage’*** মানে কী, তা জানতে চাওয়া হলো। ‘***irreparable***’ (ই-রেপা-রেবল্) শব্দটির অর্থ ‘অপূরণীয় বা মেরামত করা যায় না এমন’, আর ***damage*** শব্দটির অর্থ হলো ক্ষতি, তাহলে ***irreparable damage*** অর্থ হলো অপূরণীয় ক্ষতি অর্থাৎ যে ক্ষতি পূরণ করা যায় না । প্রশ্নে প্রদত্ত উত্তরগুলো মন দিয়ে পড়ে (iii)-নং এ ***damage that cannot be repaired*** পাওয়া গেলো, যেটি ***irreparable damage***-র সমার্থক। তাহলে সঠিক উত্তর হবে: (i***) damage that cannot be repaired***


**(i)-এর ব্যাখ্যা ও সমাধান**

(i) Which of the following is NOT mentioned as a problem for adolescent boys?
(i) Criminal activities (ii) Alcohol and drug abuse
(iii) Lack of health knowledge (iv) Anaemia

উত্তর অপশনের কোনটি কিশোর ছেলেদের জন্য passage-এ উল্লেখ করা হয়নি তা জানতে চাওয়া হয়েছে। প্যাসেজে যেয়ে দেখা যায় অপশন (i), (ii), (iii) সবই adolescent boys-এর ক্ষেত্রে উল্লেখ আছে। যেমন:
**Criminal activities:** *They are at considerable risk of being drawn into criminal activities.*
**Alcohol and drug abuse:** *They are likely* (লাইক্‌লি = সম্ভাব্য) *to get exposed to drugs and alcohol causing irreparable damage to their health and life.*
**Lack of health knowledge:** *Many boys who are unable to go to school, or are unemployed, remain unaware of social or health issues.*

কিন্তু **Anaemia** (অ্যানীমিআ = রক্তস্বল্পতা) কেবল কিশোরী মেয়েদের ক্ষেত্রে বলা হয়েছে।

তাহলে সঠিক উত্তর হবে:
**(iv) Anaemia**




Recent Bazar

## (j)-এর তৃপ্তিময় ব্যাখ্যা

(j) The passage mainly focuses on –
(i) adult education (ii) adolescent challenges and vulnerabilities
(iii) old age problems (iv) social development of adults

প্রশ্ন হলো passage-এর মূল বিষয় কী? Passage-এ adolescent girls এবং boys-উভয়ের সমস্যার কথা বলা হয়েছে। মেয়েদের ক্ষেত্রে স্কুল থেকে বাদ পড়া, *mobility* হারানো, অপুষ্টি, *anaemia*, *neonatal mortality* ইত্যাদি সমস্যা এসেছে। ছেলেদের ক্ষেত্রে স্কুলে না যাওয়া বা বেকার হয়ে পড়া, *social* ও *health issues* সম্পর্কে অজ্ঞ থাকা, *criminal activities* এবং *drugs-alcohol*-এর মাধ্যমে *irreparable damage* (অপূরণীয় ক্ষতি) এর ঝুঁকি উল্লেখ করা হয়েছে। উভয়ের উল্লেখিত সমস্যাগুলো সংক্ষিপ্তরূপে চলে এসেছে (ii)-এর *adolescent challenges and vulnerabilities* (কৈশোরকালীন চ্যালেঞ্জ ও দুর্বলতা)-কথার মধ্যে যা *passage*-এর মূল বিষয়।

সুতরাং, প্রদত্ত উত্তরগুলোর মধ্যে সঠিক উত্তর হবে: ***(ii) adolescent challenges and vulnerabilities*** ।

## Question # 1. (B)

### (a)-এর ব্যাখ্যা

চলো, প্যাসেজ না পড়ে প্রথমে সরাসরি প্রশ্নে গিয়ে (a)-নং প্রশ্নটি পড়া যাক:

***Why are adolescent girls the worst sufferers***? (কেন কিশোরী বালিকারা সবচেয়ে বেশি ভোগে?)

**এবার passage-এর শুরু থেকে মন দিয়ে পড়া যাক:**

প্যাসেজের একেবারে শুরুতেই বলা হলো: *When adolescent girls are pulled out of school, either for marriage or work, they often lose their mobility, their friends and social status.* (অর্থাৎ, যখন কিশোরী বালিকাদের স্কুল থেকে সরিয়ে নেওয়া হয়, বিবাহের কারণে কিংবা কাজের জন্য, তখন তারা প্রায়ই তাদের জীবনের গতিময়তা, তাদের বন্ধুবান্ধব এবং তাদের সামাজিক অবস্থান হারায়।)

**এর দু'লাইন পরেই আছে:**

Moreover, they lack information about health issues.
(অধিকন্তু, তাদের স্বাস্থ্য বিষয়ক জ্ঞানের অভাব থাকে।)

**এর এক লাইন পরেই আছে:**

*It is also reported that more than 50 percent of adolescent girls are undernourished and suffer from anaemia.* {অর্থাৎ, রিপোর্টে এও বলা হয় যে, শতকরা ৫০ ভাগেরও বেশি কিশোরী অপুষ্টির শিকার (*undernourished* – আন্‌ডারনারিশ্‌ড্‌) এবং তারা রক্তশূন্যতায় ভোগে।}



Recent Bazar

**এবার প্যাসেজের উপরের কথাগুলোকে অবিকল copy না করে প্রশ্নের সাথে মিল রেখে একটু ঘুরিয়ে নিচের মত করে উত্তরটি লিখে ফেলি:**

*Adolescent girls are the worst sufferers because after being forced to leave school due to getting married or work, adolescent girls often lose much of their movement and social status. As a result, they remain ignorant* (ইগ্‌নোর‍্যান্ট্ - অজ্ঞ) *about health issues which makes them suffer from malnutrition* (ম্যাল্-নিউ্-ট্রি-শন্ - অপুষ্টি) *and anaemia, which are most prevalent* (প্রিভ্যালেন্ট - ব্যাপকভাবে বিরাজমান) *among adolescent girls.* (Ans.)

** প্রশ্নগুলো solve করতে কিন্তু
গ্রামারের কোনো rules আদৌ কাজে আসে নি,
**বরং প্যাসেজের বাক্যগুলোর অর্থ ভালোভাবে বুঝতে হয়েছে।**
এজন্য passage-এর বাক্যের অর্থ তৃপ্তিসহ বোঝাটাই হলো আসল।

**বাংলা অর্থ দিয়ে (b)-এর ব্যাখ্যা**

***What happens to a girl when she loses mobility***?
(একটি বালিকার জীবনে কী ঘটে যখন সে গতিময়তা হারায়?)

**প্যাসেজের শুরু থেকে মন দিয়ে পড়ে ২য় ও ৩য় লাইনে পাওয়া গেলো:**

*The lack of mobility among adolescent girls also curtails their economic and non-formal educational opportunities.* (কিশোরী বালিকাদের মাঝে গতিময়তার অভাব কমিয়ে দেয় তাদের অর্থনৈতিক এবং অনানুষ্ঠানিক শিক্ষার সুযোগ-সুবিধাগুলোকেও।)

অর্থাৎ, যখন একটি কিশোরী মেয়ে তার জীবনের গতিময়তা হারায়, তখন সে তার অর্থনৈতিক (*financial* – ফাইন্যান্‌শিআল্) ও অনানুষ্ঠানিক (*non-formal*) সুযোগ-সুবিধাগুলো থেকে বঞ্চিত (*deprived*-ডিপ্রাইভ্‌ড্) হয়।

**উপরের বাংলা কথাগুলোকে এবার ইংলিশে লিখে ফেলা যাক:**

*When a girl loses mobility in her life, she is deprived of her financial and non-formal educational opportunities.* (Ans.)

Recent Bazar

## ভেঙে ভেঙে (c)-এর ব্যাখ্যা

**vulnerable** (ভাল্‌না-রেইব্‌ল্) = সহজেই আক্রান্ত হয় এমন।

(c) *Who do you think are more vulnerable to adolescent health problems - boys or girls? Why?*
(কে, তোমার মতে, বেশি আক্রান্ত হয় কিশোর স্বাস্থ্য সমস্যাগুলোতে - বালকরা না বালিকারা? কেন ?)

### মন দিয়ে পড়ে passage-এর মাঝামাঝিতে পাওয়া গেলো:

*According to a study, only about three in five adolescents have ever heard of HIV. It is also reported that more than 50 percent of adolescent girls are undernourished and suffer from anaemia.* {গবেষণামতে, পাঁচজন কিশোরী মেয়ের মধ্যে তিনজন মাত্র এইচআইভি (HIV) সম্পর্কে কখনো শুনেছে। রিপোর্টে এটাও বলা হয় যে, কিশোরী মেয়েদের ৫০ শতাংশরও বেশি অপুষ্টির শিকার ও রক্তশূন্যতায় (*anaemia* – অ্যানীমিআ) ভোগে।}

### এর ঠিক পরের দু'লাইনে আছে:

*Adolescent fertility rate increased from 20.3% in 1993 to 24.4% in 2007. Moreover, neonatal mortality is another concern for younger mothers.* {কিশোরী প্রজননের হার ১৯৯৩ সালের ২০.৩% থেকে বৃদ্ধি পেয়ে ২০০৭ সালে ২৪.৪% হয়েছে। অধিকন্তু, নবজাতকের (*neonatal*) মৃত্যুহার অল্পবয়সী মায়েদের জন্য আরেকটি উদ্বেগের বিষয়।}

Passage-এর উপরের বক্তব্যগুলো থেকে এটা স্পষ্ট যে, বালকদের তুলনায় বালিকারাই বেশি আক্রান্ত হয় কিশোর স্বাস্থ্য সমস্যাগুলোতে কারণ স্বাস্থ্য সমস্যা সম্পর্কে জ্ঞানের স্বল্পতার কারণে কিশোরী মেয়েরা প্রায়ই অপুষ্টি ও রক্তশূন্যতায় ভোগে। তাদের অনেককেই বিয়ের উপযুক্ত বয়স ১৮ হওয়ার আগেই বিয়ে দেওয়া হয়, যার ফল হলো তাদের অকাল গর্ভধারণ যেটা কিশোরী মেয়েদের জন্য বিভিন্ন ধরনের স্বাস্থ্যের ঝুঁকি (*hazard*-হ্যাজার্‌ড্) নিয়ে আসে। এছাড়াও, নবজাতকের মৃত্যু কিশোরী মায়েদের জন্য একটা বড় উদ্বেগের (*concern*-কন্‌সার্‌ন্) বিষয় হয়ে দাঁড়িয়েছে।

**এই sentence-গুলো মুখস্থ করিয়ো না !**

**প্রশ্নের সাথে মিল রেখে উপরের বাংলা কথাগুলোকে এবার ইংলিশে লিখে ফেলা যাক:**

*I think compared with boys, girls are more vulnerable to adolescent health problems because due to lack of knowledge about health issues, adolescent girls often suffer from malnutrition and anaemia* (অ্যানীমিআ - রক্তাল্পতা). *Many of them are married off before turning 18, which results in their early pregnancy bringing with it different types of health hazards for adolescent girls. In addition to that, neonatal mortality has become a major concern for adolescent mothers.* (Ans.)

Recent Bazar

**(d)-এর ব্যাখ্যা পড়া জরুরি**

(d) **What major problems do boys face druing adolescence?**
**(**কৈশোরে ছেলেরা কী কী বড় বড় সমস্যার সম্মুখীন হয়?)

প্যাসেজের যে পর্যন্ত পড়া হয়েছে তার পর থেকে মন দিয়ে পড়ে দেখতে হবে ছেলেদের বিষয়ে কোথায় বলা হয়েছে।

**দ্বিতীয় para-র ২য়, ৩য় ও ৪র্থ লাইনে পাওয়া গেলো:**

*Many boys who are unable to go to school, or are unemployed, remain unaware of social or health issues. They are at considerable risk of being drawn into criminal activities. They are likely to get exposed to drugs and alcohol ..... .* {অনেক বালকরা যারা স্কুলে যেতে অক্ষম কিংবা বেকার তারা সামাজিক বা স্বাস্থ্যের বিষয়গুলো সম্পর্কে অজ্ঞ (*unaware*) থাকে। তারা অপরাধমূলক কর্মকান্ডে জড়িত হয়ে পড়ার জন্য অনেক বিরাট (*considerable*) ঝুঁকির মধ্যে থাকে। তাদের ড্রাগ এবং অ্যালকোহলের শিকার হওয়ার সম্ভাবনাও বেশি থাকে।}

**প্যাসেজের উপরের কথাগুলোকে একটু ঘুরিয়ে নিচের মত করে answer-টি লিখে ফেলো:**

*Being unemployed and unaware of many social or health issues, a large number of adolescent youths are more likely to get involved in different types of anti-social* (অসামাজিক) *activities including drug offence* (অফেন্স্ - অপরাধ). (Ans.)

Recent Bazar

**ভেঙে ভেঙে (e)-এর ব্যাখ্যা**

(e) **Why should all of us say 'no' to drugs?**
(আমাদের কেন ড্রাগের প্রতি সকলের 'না' বলা উচিত?)

**প্যাসেজের যে লাইনে ড্রাগের কথা বলা হয়েছে উক্ত লাইনটি মন দিয়ে পড়া যাক:**

*They are likely to get exposed to drugs and alcohol causing irreparable damage to their health and life.* (অর্থাৎ তাদের, মানে, কিশোর বালকদের ড্রাগ এবং অ্যালকোহলে আক্রান্ত হওয়ার সম্ভাবনা রয়েছে যেগুলো তাদের স্বাস্থ্য ও জীবনের অপূরণীয় (*irreparable*) ক্ষতি সাধন করে।)

**Passage-এর উপরের বক্তব্যের আলোকে প্রদত্ত প্রশ্নের উত্তরটি হতে পারে নিম্নরূপ:**

*We all should say 'no' to drugs because they (drugs) cause irreversible damage to our health as well as our life.* (আমাদের সকলের ড্রাগের প্রতি 'না' বলা উচিত কারণ ড্রাগ আমাদের স্বাস্থ্য ও জীবনের অপূরণীয় ক্ষতি সাধন করে।) (ইরিভার্সিবল্ = অপূরণীয়)